

উৎপাদন	মোট পরিবর্তনশীল ব্যয়
1	4
2	10
3	14
4	30
5	50

মোট স্থির ব্যয় = 10

ক) প্রান্তিক ব্যয় কাকে বলে?

খ) পূর্ণপ্রতিযোগিতামূলক বাজারে $AR=MR$ হয় কেন?

গ) উদ্দীপক হতে AC বের কর।

ঘ) উদ্দীপকের সাহায্যে AC ও MC এর সম্পর্ক বিশ্লেষণ কর।

৫। রহিমের শিক্ষক ক্লাসে বললেন, ইউক্রেন যুদ্ধের কারণে বিশ্ব অর্থনীতির গতি আজ মস্তুর। এর ফলে একদিকে সাধারণ মানুষের আয় কমে গেছে অন্যদিকে দ্রব্যসামগ্রীর দাম বৃদ্ধি পেয়েছে। দামবৃদ্ধির ফলে সংশ্লিষ্ট দ্রব্য সামগ্রীর চাহিদার বৃদ্ধি পাচ্ছে। ফলে সাধারণ মানুষের পক্ষে জীবনযাত্রার ব্যয় নির্বাহ করা দুর্বিষহ হয়ে পড়েছে।

ক) চাহিদা কী ?

খ) চাহিদা বিধির ব্যতিক্রম চিত্রসহ দেখাও।

গ) উদ্দীপকে চাহিদার কোন দিকটি তুলে ধরা হয়েছে?

ঘ) উদ্দীপকের আলোকে চাহিদা বিধি ও চাহিদা বিধির ব্যতিক্রমের মধ্যে পার্থক্য লিখ। এক্ষেত্রে তোমার মন্তব্য কী?

৬। লোকমান একজন বিচক্ষণ উৎপাদনকারী। তিনি কারখানা স্থাপন করতে গিয়ে লক্ষ্য করেন যে, কিছু উপকরণ একবারই নিয়োগ করতে হয়। আবার, উপকরণ বার বার নিয়োগ হয় বলে ব্যয়ের পরিবর্তন ঘটে।

ক) উৎপাদন কী?

খ) অর্থনীতিতে স্বল্পকাল ও দীর্ঘকাল বলতে কি বোঝায়?

গ) উদ্দীপক থেকে “লোকমান” এর উৎপাদন প্রক্রিয়াটি বুঝিয়ে বল।

ঘ) উদ্দীপকের আলোকে মোট ব্যয় (TC) এবং গড় ব্যয় (AC) কিভাবে নির্ণয় করা যায়?

৭। ১৯৭১ সালে মুক্তিযুদ্ধের মাধ্যমে বিজয় অর্জনের পর থেকেই বাংলাদেশ ক্রমাগত উন্নয়নের দিক ধাবিত হচ্ছে। এর প্রবৃদ্ধি আশানুরূপ হচ্ছে। জীবনযাত্রার মান, শিক্ষার হার, নারী শিক্ষা, নারীর ক্ষমতায়ন বৃদ্ধি পাচ্ছে। দেশটির ভূপ্রকৃতি, ভৌগোলিক অবস্থান, নদনদী, মুক্তিকাসহ অন্যান্য প্রাকৃতিক উপাদানগুলো দেশটির উন্নয়নে সহায়তা করছে। আশা করা যায় এ ধারা অব্যাহত থাকলে বাংলাদেশ ২০৩০ সালের মধ্যে উন্নত দেশে পরিণত হবে।

ক. উন্নয়নশীল দেশ বলতে কী বোঝ?

খ. অনুন্নত ও উন্নয়নশীল দেশের মধ্যে ২টি পার্থক্য লিখ।

গ. বাংলাদেশ উন্নয়নশীল দেশ কি না উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর।

ঘ. উদ্দীপকে উল্লিখিত উপাদানগুলো উন্নয়নে কীভাবে ভূমিকা রাখছে- বিশ্লেষণ কর।

।

৮। রিমি একজন নারী উদ্যোক্তা। আগে তিনি ঘরে বসে বিভিন্ন পণ্য তৈরি করে বাজারে বিক্রি করতেন। এখন তিনি অধিক পণ্য উৎপাদনের জন্য ১০ জন মহিলা শ্রমিক নিয়োগ দিয়েছেন। তার প্রতিষ্ঠানটির মূলধন প্রায় ৫ লক্ষ টাকা।

(ক) বৃহৎ শিল্প কি ?

(খ) ফার্ম ও শিল্পের পার্থক্য লিখ।

(গ) রেহানার প্রতিষ্ঠানটি কোন ধরনের শিল্প নির্দেশ করে ব্যাখ্যা কর।

(ঘ) বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে রেহানার প্রতিষ্ঠানের গুরুত্ব লিখ।

৯। জেরিন নবম শ্রেণি থেকেই উৎপাদনের সাথে সম্পৃক্ত। তার পুঁজি কম ছিল তাই আল্লীয়স্বজন, গ্রাম্য মহাজন প্রতিবেশীদেও কাছ থেকে ঋণ নিয়েছে। খামারের আয়তন বৃদ্ধি পাওয়ায় তাকে বিভিন্ন আর্থিক প্রতিষ্ঠানের কাছ থেকে বড় অঙ্কের টাকা ঋণ নিতে হয়েছে। বর্তমানে সে স্বয়ংসম্পূর্ণ। তার কৃষি খামারে ৩০০ শ্রমিক কাজ করে। গরু, ছাগল, মুরগী, মাছ হ্যাচারী এবং খাদ্যশস্যসহ নানা ধরনের খাদ্যবীজ উৎপাদন হয়। এখানে উৎপাদিত শস্য দেশের চাহিদা পূরণ করে বিদেশেও রপ্তানি করা হয়, যা উন্নয়নে ভূমিকা পালন করে।

ক. কৃষি কার্ঠামো কি?

খ. শস্য বহুমুখীকরণ কি খাদ্য ঘাটতি পূরণ করে? ব্যাখ্যা কর।

গ. রিতুর ঋণ গ্রহণের উৎসসমূহ উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর।

ঘ. রিতুর উৎপাদন দেশের অর্থনৈতিক উন্নয়নে কী ভূমিকা পালন করে? বিশ্লেষণ কর।

১০।

বছর	২০০০	২০২৫	২০৫০
জনসংখ্যা	২	৪	১৬
খাদ্য উৎপাদন	২	৩	৫

(ক) কাম্য জনসংখ্যা কি ?

(খ) মানবসম্পদ উন্নয়নের উপায়গুলো কি কি ?

(গ) উদ্দীপকের তথ্যের সাথে অর্থনীতির কোন তত্ত্বটি সংগতিপূর্ণ ও কেন ব্যাখ্যা কর ।

(ঘ) উদ্দীপকের তত্ত্বের সাথে কাম্য জনসংখ্যা তত্ত্বের পার্থক্য লিখ ।

১১। জনসংখ্যা বৃদ্ধি ও জীবনযাত্রার মান উন্নয়নের সাথে সাথে বনজ সম্পদের চাহিদা বৃদ্ধি পাচ্ছে। মানব চাহিদা মেটানোর ফলে বনজ সম্পদ হ্রাস পাচ্ছে। তাই বনজ সম্পদ বৃদ্ধির লক্ষ্যে এবং পরিবেশের ভারসাম্য রক্ষায় সরকার সামাজিক বনায়ন কর্মসূচি গ্রামীণ জনগণের প্রত্যক্ষ সহযোগিতায় বাস্তবায়ন করার পদক্ষেপ গ্রহণ করেছে।

ক) বনায়ন কী

খ) বৃক্ষ সম্পদ বৃদ্ধির উপায় কী কী?

গ) সরকার কেন এবং কোন উদ্দেশ্যে সামাজিক বনায়ন কর্মসূচি গ্রহণ করেছেন?

ঘ) বাংলাদেশে সামাজিক বনায়নের প্রয়োজনীয়তা সম্পর্কে তোমার মতামত উপস্থাপন কর।

ধামরাই সরকারি কলেজ, ঢাকা।

একাদশ শ্রেণি

অর্ধবার্ষিক পরীক্ষা- ২০২৩

বিষয়: অর্থনীতি ১ম ও ২য় পত্র

পূর্ণমান-১০০

(যেকোনো ৭টি প্রশ্নের উত্তর দাও)

৭×১০=৭০

১। রফিকের দেশে প্রতিরক্ষা, প্রশাসন, বিদ্যুৎ, ওয়াসাসহ আরো কিছু ব্যবসা ও সেবাখাত সরকারের নিয়ন্ত্রণাধীন। পাশাপাশি প্রায় সবক্ষেত্রেই সেদেশের বেসরকারি খাতও রয়েছে।

ক. উৎপাদন সম্ভবনা রেখা কাকে বলে?

খ. অর্থনীতিতে সকল অভাব একসাথে পূরণ করা সম্ভব হয় না কেন?

গ. উদ্দীপকে উল্লিখিত গুলোনের দেশে বিদ্যমান অর্থব্যবস্থার প্রকৃতি নির্ণয় করে এর তিনটি বৈশিষ্ট্য লিখ।

ঘ. উদ্দীপকে উল্লিখিত অর্থব্যবস্থার সাথে অপরাপর অর্থব্যবস্থার তুলনা করে কোনটি উন্নত - মন্তব্য কর।

$$২।। Qd = 24-3p$$

$$Qs = -6+3p$$

যথাক্রমে কলমের চাহিদা ও যোগান অপেক্ষক।

ক. চাহিদা ও যোগানের প্রধান নির্ধারকের নাম লিখ।

খ. কফির দাম কমে গেলে চায়ের চাহিদা পরিবর্তনের বিষয়টির ব্যাখ্যা কর।

গ. উদ্দীপক থেকে কলমের ভারসাম্য দাম ও পরিমাণ নির্ণয় কর।

ঘ. সরকার কলমের দাম ৪ টাকা নির্ধারণ করে দিলে চিত্রে কলমের চাহিদা ও যোগান পরিস্থিতি ব্যাখ্যা কর।

৩।। সাহানা পেয়ারার খুব ভক্ত। পেয়ারা ভোগের ক্ষেত্রে তার মোট উপযোগ সূচিটি নিম্নরূপ-

পেয়ারার একক	মোট উপযোগ
প্রথম	৮ একক
দ্বিতীয়	১০ একক
তৃতীয়	১২ একক
চতুর্থ	১২ একক
পঞ্চম	১০ একক

ক. উপযোগ কী

খ. সর্বোচ্চ মোট উপযোগ স্তরে প্রান্তিক উপযোগ শূন্য হয় কেন?

গ. উদ্দীপকের তথ্যের ভিত্তিতে মোট উপযোগ রেখা অঙ্কন কর।

ঘ. উদ্দীপকের আলোকে মোট উপযোগ ও প্রান্তিক উপযোগের মধ্যে সম্পর্ক ব্যাখ্যা কর।

